জাতীয় শোক দিবসে মাস্ক ও হ্যান্ড স্যানিটাইজার বিতরণ করল মৌবন

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬ তম শাহাদাৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবসে করোনাভাইরাস প্রতিরোধে পিছিয়ে থাকা মানুষের মধ্যে ফ্রি মাস্ক ও হ্যান্ড স্যানিটাইজার বিতরণ করেছে কুষ্টিয়ার বিশ্বস্ত খাদ্য প্রস্তুত প্রতিষ্ঠান মৌবন। রবিবার দুপুরে মৌবন চত্বর ও আশেপাশের এলাকায় এসব মাস্ক ও হ্যান্ড স্যানিটাইজার প্রদান করে কর্মসূচির উদ্বোধন করেন মৌবনের জেনারেল ম্যানেজার মোশাররাফুল হক বকুল।

এ সময় উপস্থিত ছিলেন মৌবনের কর্মকর্তা অনিক মাহমুদ, মীর তনিমা, ইমদাদ হোসেন, শামীম রুমীসহ অন্যান্যরা।
পরে এনএস রোডের ফেরিওয়ালা, রিকশা-অটোরিকশাচালক, যাত্রী সাধারণ ও সুবিধাবঞ্চিত শিশুদের মধ্যে মাস্ক ও হ্যান্ড স্যানিটাইজার বিতরণ এবং করোনাভাইরাস সম্পর্কে সচেতন করেন মৌবনের কর্মকর্তারা।

মৌবনের পক্ষ থেকে মাস্ক ও হ্যান্ড স্যানিটাইজার পেয়ে খুশি হয়ে মুচকি হেসে ইজিবাইক চালক রশিদুল ইসলাম বলেন, একটা মাস্ক ৫ টাকা দিয়ে কিনে কয়েকদিন ধরে পরতে হয়। গন্ধও লাগে। আজকে মাস্ক ও হ্যান্ড স্যানিটাইজার পেয়ে অনেক খুশি হলাম৷
মৌবনের নির্বাহী পরিচালক সাফিনা আনজুম জনী বলেন, জাতির পিত বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬ তম শাহাদাৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবসে এমন কর্মসূচিতে অংশীদার হতে পেরে আমি আনন্দিত। করোনা দুর্যোগ শুরুর দিক থেকেই আমরা চেষ্টা করছি মানুষের জন্য কিছু করার। মৌবন ব্যাবসার পাশাপাশি সামাজিক কর্মকান্ড ও ভালো কাজের সাথে সবসময় ছিলো আছে এবং থাকবে।

গাংনীর গাড়াবাড়ীয়াতে কুতুবপুর স্কুল এন্ড কলেজে ১৫ ই আগস্ট জাতীয় শোক দিবস পালন

গাংনী উপজেলার গাড়াবাড়ীয়াতে কুতুবপুর স্কুল এন্ড কলেজের উদ্যোগে ১৫ ই আগস্ট জাতীয় শোক দিবস পালিত হয়েছে।

আজ রবিবার সকাল ৮.০০ সময় কুতুবপুর স্কুল এন্ড কলেজে জাতীয় পতাকা উত্তলোন করে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সহ তার নিহত পরিবারের আত্নার মাগফিরাত কামনা করে দোয়ার ব্যাবস্থা করেন।

এসময় কুতুবপুর স্কুল এন্ড কলেজের ভারপ্রাপ্ত অধ্যাক্ষ আফিজুল ইসলাম বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্য দোয়া চেয়ে বক্তব্য শেষ করেন।
কুতুবপুর স্কুল এন্ড কলেজের সহকারী শিক্ষক রেজাউর রহমান বঙ্গবন্ধুর পরিবারের জন্য সকলের কাছে দোয়া কামনা করেন।এবং বঙ্গবন্ধুর জীবনি তুলে ধরেন।

উপস্থিত ছিলেন, কুতুবপুর স্কুল এন্ড কলেজের গভর্নিং বডির সভাপতি সাবেক চেয়ারম্যান হাজী মোঃ আমিনুল ইসলাম। গভর্নিং বডির সদস্য জিনারুল ইসলাম সহ কুতুবপুর স্কুল এন্ড কলেজের সকল শিক্ষকদের উপস্থিতিতে সমাপ্তি হয়।

চুয়াডাঙ্গার বেগমপুর সড়ক দৃর্ঘটনায় এক শিশুর মৃত্য

চুয়াডাঙ্গার বেগমপুর সড়ক দৃর্ঘটনায় আলমসাধুর চাকায় পিষ্ট হয়ে জিম নামের এক শিশুর করুন মৃত্য, দর্শনা অফিসঃ চুয়াডাঙ্গা বেগমপুরে হাটখোলার সামনে ইঞ্জিনচালিত অবৈধ আলমসাধুর ধাক্কায় চাকায় পিষ্ট

দামুড়হুদায় যথাযথ মর্যাদায় জাতীয় শোক দিবস পালন

দামুড়হুদা যথাযথ মর্যাদায় স্বাধীনতার মহান স্থপতি, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের ৪৬তম শাহাদত বার্ষিকী জাতীয় শোক দিবস পালিত হয়েছে।

উপজেলা প্রশাসনের আয়োজনে, গতকাল রবিবার সকাল সাড়ে৭◌ঃ শাহাদত বার্ষিকী উপলক্ষে উপজেলা পরিষদ চত্বরে বঙ্গবন্ধুর প্রতিকৃতিত পুষ্পস্তবক অর্পণ, করা হয়, উপজেলা পরিষদ, উপজেলা প্রশাসন।এরপর উপজেলা বীর মুক্তিযোদ্ধা, উপজেলা আওয়ামী লীগ,দামুড়হুদা প্রেসক্লাব, দামুড়হুদা মডেল থানা,দর্শনা,থানা,আলোচনা সভা,চেক বিতরণ, বৃক্ষরোপণ, বিভিন্ন প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান আলি মুনসুর বাবু,

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা আঃলীগের সভাপতি সিরাজুল আলম ঝন্টু, বীর মুক্তিযোদ্ধা’র সাবেক কমান্ডার আছির উদ্দিন, সহকারী কমিশনার ভূমি সুদীপ্ত কুমার সিংহ,মহিলা ভাইস চেয়ারম্যান সাহিদা খাতুন,দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ আব্দুল খালেক, দর্শনা থানার অফিসার ইনচার্জ মাহাবুবুর রহমান কাজল,দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি এম নুরুন্নবী, সদর ইউনিয়ন আঃ লীগের সাধারণ সম্পাদক শফিউল কবীর ইউসুফ, উজেলা শ্রমিক লীগের সভাপতি হাজী আঃ কাদির, উপজেলা কৃষি অফিসার মনিরুজ্জামান, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আঃ মতিন, উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সাকি সালাম, উপজেলা সমবায় অফিসার হারুন অর রশিদ, উপজেলা নির্বাচন অফিসার ইসহাক, উপজেলা মৎস্য কর্মকর্তা আইয়ূব আলী, প্রমূখ।

ঝিনাইদহে জাতীয় পতাকা অর্ধনমিত না করায় কলেজ ভাংচুর

জাতীয় শোক দিবসে পতাকা অর্ধনমিত না করায় ঝিনাইদহে শহীদ জিয়াউর রহমান আইন মহাবিদ্যালয় ভাংচুর করেছে বিক্ষুব্ধ লোকজন। শনিবার সকালে শহরের বঙ্গবন্ধু সড়কে অবস্থিত কলেজে এ ঘটনা ঘটে। প্রত্যক্ষদর্শীরা জানায়, সরকারি নির্দেশনা অনুযায়ী জাতীয় পতাকা অর্ধনমিত না করায় সকাল ১১ টার পর কলেজের মধ্যে কে বা কারা মিছিল করে।
এক পর্যায়ে তারা কলেজের অফিস কক্ষ ভাংচুর করে। এতে কলেজের মুল্যবান জিনিস ক্ষতগ্রস্থ হয়। খবর পেয়ে সদর থানা পুলিশ ঘটনাস্থলে এসে পরিস্থিতি নিয়ন্ত্রনে আনে। ঝিনাইদহ সদর থানার পরিদর্শক (ওসি) এমদাদুল হক বলেন, ঘটনাটি শুনেছি। সেখানে পুলিশ পাঠানো হয়েছে। এ ব্যাপারে কলেজে অধ্যক্ষ এ্যাড. এস এম মশিউর রহমান বলেন, দীর্ঘদিন কলেজটি বন্ধ রয়েছে। সেখানে একজন গার্ড নিয়োগ দেওয়া আছে। তিনি পতাকা টাঙ্গায়। আবার তিনিই নামান। কে বা কারা ভাংচুর করেছে তা আমি জানি না। উল্লেখ্য, ১৯৯৩ সালে শহরের বঙ্গবন্ধু সড়কে কলেজটি প্রতিষ্ঠিত হয়। সরকার অনুমোদিত এ প্রতিষ্ঠানটি জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত।

গাংনীর কাথুলীতে বিজিবির আয়োজনে খাদ্য সহায়তা প্রদান

গাংনী উপজেলার কাথুলীতে গরীব ও দুস্থদের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ করেছে বাংলাদেশ বর্ডার গার্ড (৪৭) ব্যাটালিয়ন। আজ রবিবার সকাল ১০টায় গাংনীর কাথুলী বিজিবি ক্যাম্পে স্বাস্থ্যবিধি মেনে গরিব অসহায় ও দুস্থদের মাঝে এ খাদ্য সামগ্রী বিতরণ করা হয়।

এসময় কুষ্টিয়া (৪৭) ব্যাটালিয়ন বিজিবির সহকারী পরিচালক মোঃ জিয়াউর রহমান, গাংনী কাথুলী ক্যাম্প কমান্ডার মোঃ মাহাবুব

হোসেন,স্থানীয় বাজার কমিটির সভাপতি মোঃ সেন্টু সহ বিজিবির কর্মকর্তা, কর্মচারী ও সাংবাদিকগণ উপস্থিত ছিলেন।
অর্ধশতাধিক পরিবারের মাঝে চাউল,তেল, লবণ ,ডাল ,আলু, , চিনি বিতরণ করা হয়।

বিতরণ অনুষ্ঠানে কুষ্টিয়া (৪৭) ব্যাটালিয়ন বিজিবির সহকারী পরিচালক জিয়াউর রহমান বলেন, হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালী জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬ তম মৃত্যু বার্ষিকীতে আমাদের এই ক্ষুদ্র আয়োজন। আপনারা সবাই বঙ্গবন্ধুর বিদেহী আত্মার জন্য দোয়া করবেন।

জাতীয় যুব জোটে যোগদান করলেন প্লাবন

বাংলাদেশ ছাত্রলীগ-বিসিএল কেন্দ্রীয় সংসদের সাবেক সাংগঠনিক সম্পাদক, মেহেরপুর জেলার সাবেক সভাপতি মোঃ নুরু-উছ-সাফা প্লাবন গতকাল শনিবার বঙ্গবন্ধু এভিনিউস্থ জাতীয় যুব জোট কেন্দ্রীয় কার্যালয়ে জাতীয় সমাজতান্ত্রিক দল-জাসদ এর সহযোগী যুব সংগঠন জাতীয় যুব জোট কেন্দ্রীয় কমিটির সাধারণ সম্পাদক শরিফুল কবির স্বপনের হাতে ফুল দিয়ে জাতীয় যুব জোটে যোগদান করেন। এ সময় উপস্থিত ছিলেন জাসদের দফতর সম্পাদক সাজ্জাদ হোসেন, জাতীয় যুব জোটের দফতর সম্পাদক শাহজামাল পিন্টু, বাংলাদেশ ছাত্রলীগ কেন্দ্রীয় সংসদের সদস্য হাসান আজিজ জনি।

এ সময় জাতীয় যুব জোটের সাধারণ সম্পাদক শরিফুল কবির স্বপন বলেন, সরকারী চাকুরী প্রত্যাশীদের ২১ মাসের বয়স ছাড়ের জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রস্তাব বিবেকহীন, বোধ-বুদ্ধি পরিপন্থী। এ ধরনের প্রস্তাব কোন ক্রমেই দেশের শিক্ষিত বেকার-তরুণদের কাছে গ্রহণ যোগ্য নয়। অবিলম্বে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক উত্থাপিত এ প্রস্তাব প্রত্যাহার করার দাবি জানান।

তিনি বলেন, কয়েক বছর আগেই সরকারী চাকুরী থেকে অবসর গ্রহণের বয়সসীমা ৫৭ থেকে ৫৯ বছর করা হয়েছে। উপরন্তু বৈশ্বিক মহামারী

করোনার কারণে প্রায় দুই বছর নিয়োগ প্রক্রিয়া বন্ধ এবং কলেজ-বিশ্ববিদ্যালয়গুলোও বন্ধ রয়েছে। তাই অত্যন্ত যুক্তিসঙ্গত ভাবেই বলা যায় সরকারী চাকুরীতে প্রবেশের বয়সসীমা দুই বছর বাড়ানো এবং করোনার কারণে আরো দুই বছর বাড়ানো উচিত।

তিনি সরকারী চাকুরী প্রত্যাশীদের ২১ মাসের বয়স ছাড়ের জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রস্তাব প্রত্যাহার করে সরকারী চাকুরীতে প্রবেশের বয়সসীমা ৩৩ বছর করার জন্য মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার হস্তক্ষেপ কামনা করেন। একই সাথে সরকারী চাকুরীতে প্রবেশের বয়সসীমা ৩৩ বছর করার দাবি সমর্থন করার জন্য দেশের ক্রিয়াশীল ছাত্র সংগঠনগুলোর প্রতি আহ্বান জানান।

মুজিবনগরে বিজিবি’র উদ্যোগে খাদ্য বিতরণ

স্বাধীনতার মহান স্থাপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬ তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে ২ শতাধিক অসহায় ও দুস্থদের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ করা হয়েছে। রবিবার দুপুরে মেহেরপুরের মুজিবনগর সহ কয়েকটি বিওপিতে চুয়াডাঙ্গা ব্যাটালিয়ন ৬ বিজিবি’র উদ্যোগে খাদ্য বিতরণের পাশাপাশি কোরআন খতম ও বিশেষ দোয়া মাহফিলের আয়োজন করা হয়। এসময় চুয়াডাঙ্গা ব্যাটালিয়ন ৬ বিজিবি অধিনায়ক লে: কর্নেল মোহাম্মদ খালেকুজ্জামান পিএসপি ও সহকারী পরিচালক শেখ মোহাম্মদ ইমরান আলী সহ ক্যাম্প কমান্ডার বৃন্দ উপস্থিত ছিলেন।

মুজিবনগরে এক ব্যাক্তির ঝুলন্ত মরদেহ উদ্ধার

মুজিবনগরে যোহন মন্ডল (৫০) নামে এক ব্যাক্তির ঝুলন্ত মরদেহ উদ্ধার করেছে মুজিবনগর থানা পুলিশ।

রবিবার বেলা সাড়ে ১২ টার দিকে মুজিবনগর উপজেলার মোনাখালি ইউনিয়নের রশিকপুর বালির মাঠের আজিমের লিচু বাগানে লিছু গাছের সাথে ঝুলন্ত অবস্হায় লাশটি উদ্ধার করে পুলিশ।
মৃত যোহন মন্ডল উপজেলার বাগোয়ান ইউনিয়নের রতনপুর দাস পাড়ার মৃত সুবল মন্ডলের ছেলে।
স্হানিয় লোকজন ও মৃত ব্যাক্তির ছেলে জানান মৃত ব্যাক্তি মানসিক ভাবে অসুস্হ ছিল গ্রামের লোকজন তাকে যোহন পাগল বলে ডাকত গত শুক্রবার রাতে থেকে সে নিখোঁজ ছিল ২ দিন ধরে অনেক খোঁজা খুজি করে পাওয়া যাচ্ছিল না আজ তাকে মৃত অবস্হায় পাওয়া যায়। মুজিবনগর থানা ইনচার্য (ওসি) আব্দুল হাশেম ঘটনার সত্যতা স্বীকার করে জানান স্হানিয় লোকজন মাঠে কাজ করার সময় লাশটি দেখতে পেয়ে আমাকে খবরদেয় আমরা ঘটনাস্হলে এসে লাশটি লিছু গাছের সাথে ঝুলন্ত অবস্হায় দেখতে পায় এবং লাশটি নামিয়ে পুলিশ হেফাজতে নেওয়া হয়। প্রাথমিক তদন্তে জানাযায় লাশটি পার্শবর্তী রতনপুর গ্রামের যোহন মন্ডলের এবং সে মানসিক ভাবে অসুস্হ ছিল তাছাড়া লাশটির শরিল ফোলা পরনের কাপড় ভেজা এবং লাশে পচন ধরা দেখে বোঝা যাচ্ছে লাশটি কয়েক দিন আগের এবং ঘটনাটি আত্মহত্যার ঘটনা বলে মনে হয় তবে আরো নিশ্চিত হওয়ার জন্য লাশ ময়নাতদন্তের জন্য প্রেরণ করা হবে। রিপোর্ট আসলে আসল ঘটনাটি জানা যাবে।
মেহেরপুর জেলার অতিরিক্ত পুলিশ সুপার অপু সরোয়ার ঘটনাস্হল পরিদর্শন করেন।

মুজিবনগর পৃথকভাবে আওয়ামীলীগের শোক দিবস পালন

স্বাধীনতার মহান স্থপতি, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের ৪৬ তম শাহাদত বার্ষিকী জাতীয় শোক দিবস পৃথকভাবে পালন করেছে মুজিবনগর উপজেলা আওয়ামীলীগ।

রবিবার সকালে শোক দিবস উপলক্ষে উপজেলা আওয়ামীলীগের সভাপতি ও উপজেলা পরিষদের চেয়ারম্যান জিয়াউদ্দীন বিশ্বাসেরর নেতৃত্বে মুজিবনগর কমপ্লেক্স বঙ্গবন্ধ প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পন করে শ্রদ্ধা নিবেদন জানান উপজেলা আওয়ামীলীগ।

পুষ্পমাল্য অর্পণ শেষে কেদারগন্জ বাজার উপজেলা আওয়ামী লীগের কার্যালয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। জিয়াউদ্দিন বিশ্বাসের সভাপতিত্বে সভায় উপস্থিত থেকে বক্তব্য রাখেন মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের সাবেক সাধারণ সম্পাদক ও উপজেলা ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা, মহাজনপুর ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি রেজাউর রহমান নান্নু, সাধারণ সম্পাদক আব্দুর রশিদ বল্টু,মোনাখালি ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক জামাত আলী,বাগোয়ান ইউনিয়ন আওয়ামীলীগের সাবেক সাধারণ সম্পাদক কুতুবউদ্দীন মল্লিক,দারিয়াপুর ইউনিয়ন আওয়ামীলীগের যুগ্ন সাধারন সম্পাদক এ এস এম মাহবুব আলম,মুজিবনগর উপজেলা সেচ্ছাসেবকলীগ এর সাধারণ সম্পাদক আরিফ হোসেন,বাগোয়ান ইউনিয়ন যুবলীগের সাধারণ সম্পাদক বাবুল মল্লিক, বাগোয়ান ইউপি ৫নং ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি নজরুল ইসলাম ঝুটিকা,সম্পাদক মনিরুল ইসলাম,ইউপি সদস্য সোহরাব হোসেন, ইউপি সদস্য কাজী কোমরউদ্দীন সেলিম, ইউপি সদস্যদিলিপ মল্লিক, ইউপি সদস্য শংকর বিশ্বাস।

অনুরুপ,পৃথকভাবে মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক ও মহাজনপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আমাম হোসেন মিলুর নেতৃত্বে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে আওয়ামীলীগের ব্যানারে পুষ্পমাল্য অর্পন করে শ্রদ্ধা নিবেদন জানান উপজেলা আওয়ামীলীগ।

পরে মুজিবনগর পি ডব্লিউ ডি রেষ্ট হাউজ চত্বরে শোক দিবসের আলোচনা সভায় সভাপতিত্ব করেন জেলা আওয়ামীলীগের অন্যতম সদস্য রফিকুল ইসলাম তোতা।উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত